

## Children and HIV - শিশুরা এবং এইচ.আই.ভি.

### Caring for a child with HIV infection or AIDS

1. Feed the child well.
2. Make sure the child gets regular medical care and early treatment for opportunistic infections.
3. Have the child immunized against all immunizable diseases. Please check with an expert HIV doctor which vaccines are safe.
4. Treat the child as normal. Show them love and do not stop them from playing with others.



### এইচ.আই.ভি.-সংক্রামিত বা এইডস-আক্রান্ত একটি শিশুর যত্ন :

১. শিশুটিকে ভালো করে খাওয়াতে হবে।
২. শিশুটি যাতে নিয়মিত ডাক্তারী পরিষেবা এবং সম্ভাব্য সংক্রমণের চিকিৎসা পায় তা নিশ্চিত করতে হবে।

৩. যে সব রোগের টিকা দেওয়া সম্ভব শিশুটিকে সেই সব রোগের টিকা দিতে হবে। কোন টিকাগুলি দেওয়া নিরাপদ তা এইচ.আই.ভি. বিশেষজ্ঞ চিকিৎসকের কাছ থেকে জেনে নিন।
৪. শিশুটিকে স্বাভাবিকভাবে জীবন যাপন করতে দিন ও তার সঙ্গে স্বাভাবিক ব্যবহার করুন। তাকে ভালোবাসা দিন এবং অন্য শিশুদের সঙ্গে তার খেলাধুলা বন্ধ করবেন না।

২৫

## Children and HIV - শিশুরা এবং এইচ.আই.ভি.

### Caring for healthy children whose parents have HIV or AIDS

Show a lot of love by giving them care and guidance. Plan to spend more time with them.

### যেসব শিশুরা নিজেরা সুস্থ কিন্তু যাদের বাবা-মায়েরা এইচ.আই.ভি.-সংক্রামিত বা এইডস-আক্রান্ত তাদের যত্ন :

এদের যথেষ্ট আদর-ভালোবাসা দেখান, যত্ন নিন এবং সঠিক পথে পরিচালনা করুন। ঠিকমত ভালোবাসা পেলে এইসব শিশুরা যত্ন ও অভিভাবকত্বে বড় হয়ে উঠবে। এদের সঙ্গে আরো বেশি সময় কাটানোর চেষ্টা করুন।



২৬





# Children and HIV - শিশুরা এবং এইচ.আই.ভি.

## Caring for healthy children whose parents have HIV or AIDS

- Make arrangements to have them looked after by relatives and plan for their education if possible.
- Make a will which will protect their family and their property.



যেসব শিশুরা নিজেরা সুস্থ কিন্তু যাদের বাবা-মায়েরা এইচ.আই.ভি.-সংক্রামিত বা এইডস-আক্রান্ত তাদের যত্ন :

- সম্ভব হলে আত্মীয়-স্বজনরা যাতে এদের দায়িত্ব নেন সেই বন্দোবস্ত করতে হবে এবং এদের লেখাপড়া শেখানোর ব্যবস্থা করতে হবে।

- সময়মত একটি উইল (অন্তিম ইচ্ছাপত্র) করে রাখতে হবে, যাতে তাদের পরিবার ও সম্পত্তি রক্ষা পায়।

২৭

## Making a Difference - পরিবর্তন আনা

### AIDS: We can make a difference by:

- Educating family members about the prevention of HIV its control
- Being good examples or role model
- Speaking about HIV testing, good hygiene and health, and positive living for both men and women





এইডস : নিম্নলিখিত উপায়গুলির দ্বারা আমরা একটা পরিবর্তন আনতে পারি :

- কিভাবে এইচ.আই.ভি. প্রতিরোধ করা যায় বা নিয়ন্ত্রণে রাখা যায় সে বিষয়ে পরিবারের সদস্যদের শিক্ষিত করতে হবে
- ভালো দৃষ্টান্ত বা রোল-মডেল হিসাবে নিজেকে গড়ে তুলতে হবে

- এইচ.আই.ভি. পরীক্ষা, উন্নত স্বাস্থ্যবিধি ও ভালো স্বাস্থ্য এবং নারী ও পুরুষ উভয়েরই সদর্শক জীবনযাপন ইত্যাদি বিষয়ে কথা বলতে হবে

২৮





## Making a Difference - পরিবর্তন আনা

### AIDS: We can make a difference

We can change the course of the AIDS epidemic by being a group leader and role model.

এইডস : নিম্নলিখিত উপায়গুলির দ্বারা আমরা একটা পরিবর্তন আনতে পারি :

একজন দলনেতা বা রোল-মডেল হিসাবে কাজ করে আমরা এইডস মহামারীর গতিপথ পরিবর্তন করতে পারি।



২৯

## Making a Difference - পরিবর্তন আনা

### AIDS: We can make a difference

We can change the course of the AIDS epidemic by:

- Protecting ourselves and our partners from HIV infection
- Using condoms correctly and consistently with any sexual partner who is HIV-infected or any partner who does not know his or her status
- HIV-infected men should **always** use condoms

এইডস : আমরা একটা পরিবর্তন আনতে পারি :


নিম্নলিখিত উপায়গুলি অবলম্বন করে আমরা এইডস মহামারীর গতিপথে পরিবর্তন আনতে পারি :



- এইচ.আই.ভি.-সংক্রমণ থেকে আমাদের নিজেদের এবং আমাদের সঙ্গীদের রক্ষা করতে পারি।
- এইচ.আই.ভি.-সংক্রামিত কোনো ব্যক্তি বা এমন কেউ যিনি নিজের এইচ.আই.ভি. অবস্থার কথা জানেন না তাঁর বা তাঁদের সঙ্গে যৌনসংসর্গের সময় সঠিক উপায়ে এবং নিরবচ্ছিন্নভাবে কন্ডোম ব্যবহার করতে হবে।
- এইচ.আই.ভি.-সংক্রামিত ব্যক্তিদের প্রতিটি যৌন সংসর্গের সময় কন্ডোম ব্যবহার করা উচিত।

৩০







## Making a Difference - পরিবর্তন আনা

### AIDS: We can make a difference

We can change the course of the AIDS epidemic by:

- Caring for our partners, children, family members, and friends
- This includes caring for children who have lost their parents



এইডস : আমরা একটা পরিবর্তন আনতে পারি :

নিম্নলিখিত উপায়গুলি অবলম্বন করে আমরা এইডস মহামারীর গতিপথে পরিবর্তন আনতে পারি :

- আমাদের যৌনসঙ্গী / সঙ্গিনী, সন্তান-সন্ততি, পরিবারের লোকজন এবং বন্ধুবান্ধবদের যত্ন নিয়ে।

- যেসব ছেলেমেয়েরা তাদের পিতামাতাকে হারিয়েছে, তাদের প্রতি যত্নশীল হওয়াও এর অন্তর্গত।

৩১

## Making a Difference - পরিবর্তন আনা


### AIDS: We can make a difference

Many women become HIV-infected unknowingly by their husbands, and are then blamed and victimized.

**If somebody we know is HIV-positive:**

We do not point fingers!

Instead, reach out to help them!




এইডস : আমরা একটা পরিবর্তন আনতে পারি :

বহু সংখ্যক মহিলারা নিজেদের অজান্তেই তাদের স্বামীদের দ্বারা এইচ.আই.ভি.-সংক্রামিত হয়ে পড়েন এবং তারপর তাঁদের দোষী সাব্যস্ত করে অত্যাচার করা হয়।

আমরা যদি জানতে পারি কোনো ব্যক্তি এইচ.আই.ভি.-আক্রান্ত :

তবে আমরা যেন তাঁকে দোষারোপ করার পরিবর্তে সাহায্যের আশ্বাস নিয়ে তাঁর কাছে পৌঁছাতে পারি।

৩২





## Making a Difference - পরিবর্তন আনা

### We all can make a difference

If somebody you know is HIV-positive,  
reach out a hand to them!  
Accept them in your circle of friends.  
Help and support them.

আমরা সবাই মিলে একটা পরিবর্তন

আনতে পারি :

যদি আপনি জানতে পারেন কেউ এইচ.আই.ভি. আক্রান্ত  
তবে তাঁদের দিকে সাহায্যের হাত বাড়িয়ে দিন!

আপনার বন্ধুত্বহলে তাঁকে স্থান দিন।

তাঁকে প্রয়োজনীয় সমর্থন ও সহায়তা দিন।



৩৩

## Feelings - অনুভূতি

### Feelings about HIV and AIDS

If you know that you have HIV or AIDS, you will  
feel many different emotions such as:

**Shock:** It is a shock to learn that you have HIV  
or AIDS no matter how much you prepare for  
such bad news. You may cry a lot.

**Denial:** You may think the doctor was wrong  
and that it cannot be true because you feel  
strong and have no symptoms of the disease.

এইচ.আই.ভি. এবং এইডস সম্পর্কে অনুভূতি :

যদি আপনি জানতে পারেন যে আপনি এইচ.আই.ভি.  
আক্রান্ত বা আপনার এইডস হয়েছে তাহলে আপনি  
নানারকম আবেগ অনুভব করবেন, যেমন :

**শক বা মানসিক আঘাত :** আপনি যতই মানসিক প্রস্তুতি  
নিতে চেষ্টা করুন না কেন, আপনার শরীরে  
এইচ.আই.ভি. আছে বা আপনার এইডস হয়েছে এটা




জানতে পারা নিঃসন্দেহে একটা বড় মানসিক আঘাত।  
আপনার কান্না পেতে পারে এবং আপনি প্রভূত  
পরিমাণে কাঁদতে পারেন।

**ডিনায়াল বা মানতে না চাওয়া :** আপনার মনে হতেই  
পারে যে কোথাও কোন ভুল হচ্ছে বা ডাক্তার ভুল  
বলছেন কারণ আপনি শারীরিকভাবে যথেষ্ট সুস্থ-সবল  
বোধ করছেন এবং আপনার শরীরে রোগের কোনো  
লক্ষণ নেই।

৩৪







## Feelings - অনুভূতি

### Feelings about HIV and AIDS

If you know that you have HIV or AIDS, you will feel many different emotions such as:

**Anger:** You may be angry when you find out you have HIV. You may feel anger at yourself, the person who infected you, or your family and friends who are healthy. Find someone to talk to about your anger.

**Loneliness:** If you have HIV or AIDS, you will most likely feel lonely. Remember you are not the only one. Many other people have HIV or AIDS.

#### এইচ.আই.ভি. এবং এইডস সম্পর্কে অনুভূতি :

যদি আপনি জানতে পারেন যে আপনি এইচ.আই.ভি. আক্রান্ত বা আপনার এইডস হয়েছে তাহলে আপনি নানারকম আবেগ অনুভব করবেন, যেমন :

**ক্রোধ বা রাগ :** যখন আপনি জানতে পারবেন যে আপনি এইচ.আই.ভি. আক্রান্ত তখন আপনার মধ্যে ক্রোধ জন্মাতে পারে। আপনার নিজের প্রতি রাগ হতে পারে, যে ব্যক্তির থেকে আপনার শরীরে সংক্রমণ



এসেছে তার প্রতি আপনি ক্রুদ্ধ হতে পারেন এবং আপনার পরিবারের যেসব সদস্য ও বন্ধুরা সুস্থ রয়েছেন তাঁদের প্রতিও আপনার মনে ক্রোধের সঞ্চার হতে পারে। কারো সঙ্গে আপনার এই ক্রোধের বিষয়ে কথা বলুন।

**একাকীত্ব :** যদি আপনার শরীরে এইচ.আই.ভি. থাকে বা যদি আপনি এইডস আক্রান্ত হয়ে থাকেন, তাহলে আপনি একাকীত্ব বোধ করতে পারেন। সবসময় মনে রাখবেন আপনিই একমাত্র নন, আরও অনেকের দেহেই আপনার মত এইচ.আই.ভি. আছে বা তাঁরা এইডস আক্রান্ত হয়েছেন।

৩৫

## Feelings - অনুভূতি

### Feelings about HIV and AIDS

If you know that you have HIV or AIDS, you will feel many different emotions such as:

**Fear:** If you have HIV or AIDS, you may fear many things:

1. That you may lose your job
2. That you will suffer pain
3. That you may die
4. That you may leave your children
5. That other people will know that you are HIV-positive

#### এইচ.আই.ভি. এবং এইডস সম্পর্কে অনুভূতি :

যদি আপনি জানতে পারেন যে আপনি এইচ.আই.ভি. আক্রান্ত বা আপনার এইডস হয়েছে তাহলে আপনি নানারকম আবেগ অনুভব করবেন যেমন :

**ভয় :** যদি আপনি এইচ.আই.ভি. আক্রান্ত হন বা আপনার এইডস হয়ে থাকে, তাহলে আপনার মনে



বিভিন্ন বিষয়ে ভয়ের সঞ্চার হবে :

১. হয়ত আপনার চাকরি চলে যেতে পারে
২. আপনাকে শারীরিক বা মানসিক যন্ত্রনা ভোগ করতে হতে পারে
৩. আপনার মৃত্যু হতে পারে
৪. আপনার ছেলেমেয়েরা আপনাকে পরিত্যাগ করতে পারে।
৫. অন্য লোকেরাও জেনে যেতে পারে যে আপনি এইচ.আই.ভি. আক্রান্ত।

৩৬





## Feelings - অনুভূতি

### Feelings about HIV and AIDS

**Self-consciousness:** If you are infected, you may think everyone is looking at you or talking about you.

You may feel guilty and may want to hide.

#### **Depression:**

1. If you are infected, you may feel life is not worth living.
2. You may not want to eat or freely mix with other people.
3. Depression can make you weak both in mind and body.

### এইচ.আই.ভি. এবং এইডস সম্পর্কে অনুভূতি :

**আত্মসচেতনতা :** যদি আপনি এইচ.আই.ভি.- সংক্রামিত হন, তাহলে আপনার মনে হতে পারে যে সকলে আপনার দিকেই তাকাচ্ছে বা আপনার সম্পর্কে আলোচনা করছে। আপনার নিজেকে দোষী বা অপরাধী বলে মনে হতে পারে এবং সবার চোখের আড়ালে লুকিয়ে থাকতে



ইচ্ছা করতে পারে।

#### হতাশা বা বিষণ্ণতা :

১. এইচ.আই.ভি.- সংক্রামিত হলে এই জীবনে বেঁচে থাকাটাই আপনার কাছে অর্থহীন বলে মনে হতে পারে।
২. আপনার খাওয়া-দাওয়া করার বা অন্য লোকের সঙ্গে স্বচ্ছন্দে মেলামেশা করার ইচ্ছাটুকুও চলে যেতে পারে।
৩. এই বিষণ্ণতা আপনাকে শারীরিক ও মানসিক উভয় দিক থেকেই দুর্বল করে দিতে পারে।

৩৭

## Feelings - অনুভূতি

### To resolve these feelings of depression and fear

#### **Talk to somebody:**

- A friend or relative you can trust
- A counsellor or healthcare worker
- Another HIV-infected person
- Join a positive network.

#### **To express your anger:**

- Draw pictures, keep a journal, exercise.
- Discuss your anger with your family, friends or caregivers, but don't direct your anger towards them!

### হতাশা ও ভয়ের অনুভূতিগুলির সমাধানকল্পে

#### কারো সাথে কথা বলুন :

- আপনার বিশ্বস্ত কোনো বন্ধু বা আত্মীয়
- একজন কাউন্সেলর (পরামর্শদাতা) অথবা স্বাস্থ্যকর্মী
- অন্য কোনো এইচ.আই.ভি.- সংক্রামিত ব্যক্তি
- কোন পজিটিভ সংগঠনে যোগ দিয়ে কথা বলুন।



#### আপনার রাগ বা বিরক্তি ব্যক্ত করতে :

- ছবি আঁকুন, নিজের মনোভাব কোথাও লিখে ফেলুন, ব্যায়াম করুন।
- আপনার পরিবারের সদস্য বা বন্ধুবান্ধবদের কারো সাথে বা পরিচর্যাকারীদের সঙ্গে আপনার ক্ষোভ বা রাগ নিয়ে আলোচনা করুন; কিন্তু দয়া করে কখনো তাঁদের উপর রাগ দেখাবেন না!

৩৮






## Feelings - অনুভূতি

### The benefits of sharing your feelings

Talking about your feelings with others may help you overcome negative emotions.

This can lead to:

- Relief
- A greater sense of hope
- Determination to live positively



আপনার ব্যক্তিগত অনুভূতিগুলি অপরের সঙ্গে ভাগ করে নেওয়ার উপকারিতাসমূহ :

অন্য কারোর সঙ্গে আপনার অনুভূতিগুলি নিয়ে কথা বললে তাঁরা আপনার নেতিবাচক আবেগগুলিকে জয় করতে আপনাকে সাহায্য করতে পারেন।

এ থেকে আপনি পেতে পারেন :

- প্রবল আবেগ থেকে নিষ্কৃতি
- প্রবল আশার অনুভূতি
- সদর্থক জীবনযাপনের সংকল্প।

৩৯

## Feelings - অনুভূতি

### Feelings about HIV and AIDS

**Acceptance:**

After some time most people will accept their situation. They may feel settled in their minds.

This is helpful because they start thinking about living positively.

এইচ.আই.ভি. এবং এইডস সম্পর্কে

আপনার অনুভূতি সমূহ :

মেনে নেওয়া :

কিছুকাল পরে অধিকাংশ মানুষই নিজেদের অবস্থাটা মেনে নেন। মানসিকভাবেও তাঁরা অনেকটা নিশ্চিত বা স্থিতধী বোধ করতে পারেন।

এটি উপকারী কারণ তাঁরা জীবন নিয়ে সদর্থক চিন্তাভাবনা করতে শুরু করেন।



৪০





## Feelings - অনুভূতি

### Feelings about HIV and AIDS

If you have HIV or AIDS, you can have HOPE about the following:

1. That you may live for many more years
2. That better drugs will be found by scientists
3. That doctors will treat sicknesses as they come
4. That because of who you are, you will be loved and accepted
5. That with prayer you will feel better
6. That you can contribute much to society and not be a burden



এইচ.আই.ভি. এবং এইডস সম্পর্কে আপনার ধারণা বা অনুভূতি :

এইচ.আই.ভি. পজিটিভ বা এইডস আক্রান্ত হলেও নিম্নলিখিত বিষয়গুলি সম্পর্কে আশা করতেই পারেন যে :

১. আপনি এখনও অনেক বছর বাঁচতে পারেন
২. বিজ্ঞানীরা আরো ভালো ভালো ওষুধ আবিষ্কার করবেন
৩. ডাক্তারবাবুরা অসুখটাকে অসুখ বলেই চিকিৎসা করবেন

৪. আপনি আপনার নিজগুণে বরাবরের মত সকলের ভালোবাসা পাবেন এবং সবার কাছেই আপনি গ্রহণযোগ্য হবেন
৫. প্রার্থনা বা ইতি বাচক চিন্তাভাবনা করলে আপনি আরও ভালো বোধ করবেন
৬. আপনি সমাজকে অনেক কিছু দিতে পারেন এবং সমাজের কাছে আপনি বোঝা নন।

৪১

## Feelings - অনুভূতি

### The importance of having HOPE

Hope improves your way of thinking and gives you spiritual strength to face each situation as it comes.

Hope can help you in the fight against HIV and AIDS and this will enable you to live longer.

Living with HOPE is living positively.

আশা করার গুরুত্ব বা উপযোগিতা :

আশা আপনার চিন্তাভাবনাকে উন্নতর করবে এবং যে কোন অবস্থার মুখোমুখি হতে আপনাকে আধ্যাত্মিক শক্তি প্রদান করবে।

আশা আপনাকে এইচ.আই.ভি. এবং এইডসের বিরুদ্ধে সংগ্রাম করতে সাহায্য করবে এবং দীর্ঘজীবন লাভে সমর্থ হবে।

আশা নিয়ে বেঁচে থাকাই হলো সর্ধক জীবনধারণ।




৪২






I am positive.  
I can live with it!



আমি একজন পজিটিভ মানুষ।  
আমি এই নিয়েই বাঁচতে পারি!



**I am positive. I can live with it!**



আমি পজিটিভ। আমি পজিটিভ হয়েই  
সুস্থ হয়ে বেঁচে থাকতে পারি!



## জরুরী বিজ্ঞপ্তি

“ এইচ.আই.ভি. / এইডস সম্পর্কে প্রচলিত বিশ্বাস বনাম প্রকৃত তথ্য ” রোগ প্রতিরোধ স্বাস্থ্য ও জীবন বিষয়ক এক বাস্তবানুগত নির্দেশিকা। এ সম্পর্কে স্বাস্থ্যকর্মী, এইচ.আই.ভি. নিয়ে বেঁচে থাকা মানুষজন, জনগোষ্ঠীগুলির নেতৃবৃন্দ এবং অন্যান্য ব্যক্তিদের মতামত স্বাগত।

অধিকাংশ চিত্র এঁকেছেন পল্লবী আপ্তে (পুনে ভারত); বাকি ছবি, নকসা এবং পরিকল্পনা তৈরী করেছেন অরপুথারয় (পোর্ট্রেট অ্যাডভার্টাইজিং, চেন্নাই)। প্রযুক্তিগত সহায়তা ও আর্থিক সাহায্য দিয়েছেন সহায় ইন্টারন্যাশনাল ([www.sahaya.org](http://www.sahaya.org); মার্কিন যুক্তরাষ্ট্র), রুরাল এডুকেশন অ্যান্ড অ্যাকশন ডেভেলপমেন্ট (রীড) (আনদিমাদাম, তামিলনাড়ু, ভারত) ইন্টারন্যাশনাল ট্রেনিং অ্যান্ড এডুকেশন সেন্টার অন এইচ.আই.ভি. ([www.go2itech.com](http://www.go2itech.com); ওয়াশিংটন বিশ্ববিদ্যালয়, মার্কিন যুক্তরাষ্ট্র), এবং দি এলটন জন এইডস ফাউন্ডেশন ([www.ejafuk.com](http://www.ejafuk.com); ব্রিটিশ যুক্তরাজ্য)। মূল ধারণাটি পাওয়া গিয়েছিল গ্লোবাল স্ট্র্যাটেজিস ফর এইচ.আই.ভি. প্রিভেনশন ([www.globalstrategies.org](http://www.globalstrategies.org); ইউ এস এ) থেকে। পুনর্বিচার এবং মতামতের জন্য আমরা ইন্ডিয়ান নেটওয়ার্ক অফ পজিটিভ পিপল (আই এন পি+) - কে ধন্যবাদ জানাই।

বাংলায় অনুবাদ ও অভিযোজনে সহায়তা করেছেন অমিতিয়ে, চন্দননগর। নতুন ছবি সংযোজনে সহায়তা করেছেন আব্রার নারি (পোর্ট্রেট অ্যাডভার্টাইজিং, চেন্নাই)। বাংলা সংস্করণ পরিকল্পনা ও প্রকাশের জন্য আর্থিক ও কারিগরী সহায়তা করেছেন সলিডারিটি অ্যাণ্ড অ্যাকশন এগেইন্স্ট দ্য এইচ.আই.ভি. ইনফেকশন ইন ইন্ডিয়া (সাথী), কলকাতা অফিস।

এই ফ্লিপ চার্টটি সমগ্র জনসমুদায়ের মধ্যে সচেতনতা সম্পাদনের জন্য নিঃশুল্ক বিতরণ করার জন্য প্রস্তুত। কিন্তু সত্বাধিকারির লিখিত অনুমতি ছাড়া এর বাণিজ্যিক ব্যবহার নিষিদ্ধ। পূর্ব অনুমতি ব্যতিরেকেও এই ফ্লিপ চার্টটির ঈষৎ পরিবর্তনও করা যায় না।

প্রতিটি পরামর্শদান বিষয়ক আলোচনা সভায় সবকটি ছবি দেখানো জরুরী নয়। অন্যান্য উৎস থেকে পাওয়া পছন্দমত বিষয়বস্তু সংগ্রহ করে যোগ করতে পারেন। কিন্তু আমাদের সম্মতি ছাড়া বিশেষ কোনো পৃষ্ঠায় সংযোজন বা পরিবর্তনসাধন গ্রহণস্বত্ব-লঙ্ঘন বলেই গণ্য হবে।

চিত্রসমূহের গ্রহণস্বত্বাধিকারী সহায় ইন্টারন্যাশনাল এবং আই-টেক। এই পুস্তিকাটির ভারতীয় ভাষায় লভ্য অনুবাদের জন্য অনুগ্রহ করে আমাদের ওয়েবসাইট ([www.sahaya.org](http://www.sahaya.org)) দেখুন।

## IMPORTANT NOTICE

“**Myths and Facts about HIV/AIDS**” was developed as a practical guide to prevention, health and life. We welcome the comments of health care workers, PLHAs, community leaders and other individuals.

Most cartoons were made by Pallavi Apte (Pune, India) with additional cartoons, design and layout by Arputharoy (Portrait Advertising, Chennai). Technical assistance and financial support was from Sahaya International ([www.sahaya.org](http://www.sahaya.org); USA), Rural Education and Action Development (READ) (Andimadam, Tamil Nadu, India), and International Training & Education Center on HIV ([www.go2itech.com](http://www.go2itech.com); University of Washington, USA). Original concept by Global Strategies for HIV Prevention ([www.globalstrategies.org](http://www.globalstrategies.org); USA). We also thank the Indian Network of Positive People (INP+) for review and feedback.

Bengali translation and additions were made by Amitie', Chandannagar. New cartoons were made by Abrar Nari (Portrait Advertising, Chennai). Solidarity and Action Against The HIV Infection in India (SAATHII), Calcutta Office provided financial and technical support for the design and publication of the Bengali version of this flip chart.

This flip chart is provided free of charge for the education of the whole community. This flip chart cannot be used for commercial purposes without written permission of the copyright holder.

This flip chart may not be modified in any manner without our prior permission. It is not necessary to present all the pictures in each counselling session. You are free to pick and choose and add to your collection from other sources. But any adaptation of an individual page without our consent constitutes an infringement of copyright.

Copyright of the cartoons is held by Sahaya International and I-TECH.

For available translations of this booklet in Indian languages, please check our website ([www.sahaya.org](http://www.sahaya.org)).





## Our Partners



Rural Education and Action Development (READ)  
1926 (8/58) Sakthivinayagar Street, Vilandai-Andimadam  
Post Perambalur District, Tamil Nadu, INDIA 621 801  
Tel: +91-4331-242583

Solidarity and Action Against The HIV  
Infection in India (SAATHII), Calcutta Office  
CD 335, Sector I, Salt Lake  
Kolkata 700 064  
Telephone: +91 33 2334 7329  
saathii@yahoo.com  
www.saathii.org



International Training & Education Center on HIV  
Government Hospital of Thoracic Medicine  
Medical Records Building, Room 524  
Tambaram Sanatorium  
Chennai 600 047  
Tel: +91-4455-440818

Amitie', Chandannagar  
Taldanga, Chandannagar  
Dist. Hooghly 712 136  
Telephone: +91 93312 58807  
amitie\_chandannagar@yahoo.com



Sahaya International, Inc.  
c/o Koen Van Rompay  
2949 Portage Bay Avenue, Apartment  
#195  
Davis, CA 95616  
USA  
Phone (evenings): 530-756-9074  
kkvanrompay@ucdavis.edu  
www.sahaya.org

## আমাদের সহযোগী সংস্থা সমূহ



রুরাল এডুকেশন অ্যান্ড অ্যাকশন ডেভলপমেন্ট (রীড্)  
১৯২৬ (৮/৫৮) শক্তিবিনায়াগার স্ট্রীট ভিলান্দাই-আন্দিমাদাম  
পোস্ট জেলা : পেরামবালুর তামিলনাড়ু ভার ৬২১ ৮০১  
দূরভাষ : + ৯১-৪৩৩১-২৪২৫৮৩

সলিডারিটি অ্যান্ড অ্যাকশন এগেইন্স্ট দ্য  
এইচ.আই.ভি. ইনফেকশন ইন ইন্ডিয়া (সাথী),  
কলকাতা অফিস।

সি ডি ৩৩৫, সেক্টর ১, সল্টলেক  
কলকাতা ৭০০ ০৬৪

দূরভাষ: +৯১ ৩৩ ২৩৩৪ ৭৩২৯  
saathii@yahoo.com  
www.saathii.org



ইন্টারন্যাশনাল ট্রেনিং অ্যান্ড এডুকেশন সেন্টার  
অনএইচ.আই.ভি.  
গভর্নমেন্ট হসপিটাল অফ থোরাসিক মেডিসিন  
মেডিক্যাল রেকর্ডস বিল্ডিং রুম ৫২৪  
তামবারাম স্যানাটোরিয়াম  
চেন্নাই ৬০০ ০৪৭  
দূরভাষ : +৯১-৪৪৫৫-৪৪০৮১৮

আমিতিয়ে চন্দননগর

তালডাঙ্গা, চন্দননগর

জেলা: হুগলি ৭১২ ১৩৬

দূরভাষ: +৯১ ৯৩৩১২ ৫৮৮০৭

amitie\_chandannagar@yahoo.co.in



সহায় ইন্টারন্যাশনাল আইএনসি.  
প্রযত্নে কোয়েন ভ্যান রমপাই  
২৯৪৯ পোর্টেজ বে এভিনিউ অ্যাপার্টমেন্ট # ১৯৫  
ডেভিস সি এ ৯৫৬১৬  
মার্কিন যুক্তরাষ্ট্র  
দূরভাষ (সাহায্যকালীন) : ৫৩০-৭৫৬-৯০৭৪  
kkvanrompay@ucdavis.edu  
www.sahaya.org